

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 May, 2025

দুই সিটিতে অস্থায়ী পশুর হাট বসছে ১৯টি

গাবতলী ও সারুলিয়ায় থাকবে স্থায়ী পশুর হাট

সব মিলিয়ে ২১টি পশুর হাট বসবে

ঈদের দিনসহ ৫ দিন বসতে পারবে হাট

আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে রাজধানী ঢাকার দুই সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় এবার ১৯টি অস্থায়ী পশুর হাট বসবে। এরমধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে (ডিএনসিসি) বসবে ১০টি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে (ডিএসসিসি) বসবে ৯টি অস্থায়ী হাট। ঈদুল আজহার দিনসহ মোট ৫ দিন নির্ধারিত স্থানে কোরবানির পশু ক্রয়-বিক্রয় করা যাবে।

অস্থায়ী ১৯টি হাট ছাড়াও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় স্থায়ী গাবতলী হাট এবং দক্ষিণ সিটির আওতায় স্থায়ী সারুলিয়া হাটেও কোরবানির পশু ক্রয়-বিক্রয় হবে। এ হিসেবে এবছর ঈদুল আজহায় রাজধানী ঢাকায় কোরবানির পশু কেনা-বেচার জন্য মোট ২১টি স্থানে হাট থাকবে।

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটির সম্পত্তি বিভাগ সূত্রে জানা গেছে, সর্বোচ্চ দরদাতাকে হাটের

ইজারা দেওয়া হবে। তবে কোনো হাটে কাজ্জিত দর পাওয়া না গেলে সেটা আবার ইজারা দেওয়া হবে। দরপত্র গৃহীত হওয়ার ৩ দিনের মধ্যে জামানত ব্যতীত অবশিষ্ট অর্থ, ১৫ শতাংশ মূল্য সংযোজন কর, ১০ শতাংশ আয়কর, নির্ধারিত হারে পরিচ্ছন্ন ফি সিটি কর্পোরেশনে পরিশোধ করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। কার্যাদেশপ্রাপ্তরা ঈদুল আজহার দিনসহ মোট ৫ দিন নির্ধারিত স্থানে কোরবানির পশু ক্রয়-বিক্রয়ের জন্য হাট বসাতে পারবেন।

অন্যদিকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতায় ১১টি পশুর হাট বসানোর কথা থাকলেও আফতাবনগর হাট নিয়ে উত্তর সিটি কর্পোরেশনের সঙ্গে দ্বিমত এবং মেরাদিয়া হাট নিয়ে আইনগত জটিলতা থাকায় সেগুলোর কার্যক্রম স্থগিত করেছে সংস্থাটি, বাকি ৯টি হাটের জন্য এবার প্রস্তুতি নিচ্ছে তারা।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতায় ৯টি হাটের মধ্যে রয়েছে- উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাবসংলগ্ন আশপাশের খালি জায়গায় বসানো হাটের ইজারা মূল্য ধরা হয়েছে ১ কোটি ৭৪ লাখ ৭২ হাজার ৩৩৪ টাকা, দনিয়া কলেজের পূর্ব পার্শ্বে ও সনটেক মহিলা মাদ্রাসার পূর্ব পশ্চিমের খালি জায়গার ইজারা মূল্য ৪ কোটি ৭২ লাখ ৫ হাজার ৬১১ টাকা, সাদেক হোসেন খোকা মাঠের দক্ষিণ পার্শ্বের খালি জায়গাসহ ধোলাইখাল ট্রাক টার্মিনালের জায়গায় বসা হাটের ইজারা মূল্য ৪ কোটি ৬৪ লাখ ১৫ হাজার ২৮০ টাকা।

এছাড়া পোস্তুগোলা শ্মশানঘাটের পশ্চিম পার্শ্বের নদীর পাড়ে খালি জায়গায় হাটের ইজারা মূল্য ধরা হয়েছে ২ কোটি ৬৯ লাখ ৯৮ হাজার ২০০ টাকা, ইন্সটিটিউট অব লেদার টেকনোলজি কলেজের পূর্ব পাশের খালি জায়গার হাটের মূল্য ৪ কোটি ৯৪ লাখ ৫৭ হাজার ৪০০ টাকা, কমলাপুর সাদেক হোসেন খোকা কমিউনিটি সেন্টারের পূর্ব পাশের খালি জায়গার হাটের মূল্য ধরা হয়েছে ৩ কোটি ৭৫ লাখ ২৪ হাজার টাকা, রহমতগঞ্জ ক্লাবসংলগ্ন আশপাশের খালি

জায়গায় হাটের মূল্য ৬২ লাখ ৬৭ হাজার ৭৪ টাকা, শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ডসংলগ্ন খালি জায়গায় হাটের মূল্য ৬৬ লাখ ৯৬ হাজার ২০ টাকা এবং আমুলিয়া আলীগড় মডেল কলেজের উত্তর পূর্ব পার্শ্বের খালি জায়গায় হাটের মূল্য ৫৩ লাখ টাকা সরকারি ইজারা মূল্য নির্ধারণ করা হয়েছে।

সার্বিক বিষয় নিয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা কাইছার মোহাম্মদ ফারাবি বলেন, প্রথমে রাজধানীর আফতাবনগর ও মেরাদিয়ায় পশুর হাট বসানোর ব্যাপারে সিদ্ধান্ত থাকলেও পরে আদালতের নিষেধাজ্ঞা থাকায় এই দুই স্থানে এবার পশুর হাট বসানোর সিদ্ধান্ত থেকে সরে এসেছে ডিএসসিসি।

অন্যদিকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ১০টি অস্থায়ী হাট বসাতে বিজ্ঞপ্তি দিয়ে দরপত্র আহ্বান করা হয়েছে। হাটগুলোর মধ্যে মিরপুর ৬ নম্বর ওয়ার্ডের ইস্টার্ন হাউজিংয়ের খালি জায়গায় হাটের ইজারা মূল্য ধরা হয়েছে ১ কোটি ৩৮ লাখ ১৬ হাজার ৭৮৬ টাকা, মোহাম্মদপুর বহিলা ৪০ ফুট রাস্তা সংলগ্ন খালি জায়গায় হাটের মূল্য ২ কোটি ২০ লাখ টাকা, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট সংলগ্ন খালি জায়গায় হাটের মূল্য ৬৪ লাখ ২ হাজার ৪০০ টাকা, খিলক্ষেত থানার ৪৩ নম্বর ওয়ার্ডের মস্তুল চেকপোস্ট সংলগ্ন পশ্চিম পাড়ার খালি জায়গায় হাটের ইজারা মূল্য ১ কোটি ৭ হাজার ৫০০ টাকা।

এছাড়া ভাটারা সুতিভোলা খালসংলগ্ন খালি জায়গায় হাটের ইজারা মূল্য ৩ কোটি ৭০ লাখ টাকা, উত্তরা দিয়াবাড়ি ১৬ ও ১৮ নম্বর সেক্টর সংলগ্ন বউবাজার এলাকার খালি জায়গায় হাটের ইজারা মূল্য ৮ কোটি ৯০ লাখ, ইস্টার্ন হাউজিং এম-৪, এম-৫ ও এন-৪ ব্লক (লেকের উত্তর পার্শ্ব আংশিক) জায়গায় হাটের মূল্য ১ কোটি ৭৭ লাখ টাকা, সানভ্যালির (আংশিক) খালি জায়গায় হাটের মূল্য ১ কোটি ৭৭ লাখ ২৫ হাজার টাকা, ভাটুলিয়া সাহেব আলী মাদ্রাসা থেকে ১০ নং সেক্টর রানাভোলা স্লুইসগেট পর্যন্ত খালি জায়গায় হাটের ইজারা

মূল্য ৮১ লাখ ২০ হাজার টাকা, মিরপুর কালশী বালুর মাঠের খালি জায়গায় হাটের মূল্য ৮০ লাখ টাকা এবং খিলক্ষেত বনরূপা আবাসিক এলাকার খালি জায়গায় হাটের ১ কোটি ৮০ লাখ টাকা সরকারি ইজারা মূল্য ধরা হয়েছে।

অস্থায়ী হাটের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা ফারজানা খানম বলেন, প্রথম পর্যায়ে দরপত্র বিক্রির শেষ তারিখ ১৫ মে। দ্বিতীয় পর্যায়ে ২৬ মে দরপত্র বিক্রি শেষ হবে।

পঞ্চর হাট ঈদুল আজহা রাজধানীর খবর ডিএনসিসি ডিএসসিসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:25

URL: <https://www.timestodaybd.com/national/7758072163>